

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
বনশ্রী শাখা, ঢাকা।

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স সান ইলেক্ট্রনিক্স ইন্টারন্যাশনাল, স্বত্ত্বাধিকারী-জনাব সানে আজম সরকার, পিতা-মরহুম আঃ মতিন মাস্টার, মাতা-মরহুম নূরজাহান বেগম, ব্যবসায়িক ঠিকানা: হাউস নং-০৩, মেইন রোড, ব্লক নং-জি, দক্ষিণ বনশ্রী, খিলগাঁও, ঢাকা-১২১৯, বর্তমান ঠিকানা: হাউস নং-৫৬/এ, ফ্ল্যাট নং-২-বি, ২য় তলা, রোড নং-৭/৩, ব্লক নং-এইচ, দক্ষিণ বনশ্রী, খিলগাঁও, ঢাকা-১২১৯ কর্তৃক ইউসিবি, বনশ্রী শাখা হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোতাবেক দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। খণ্ডগ্রহীতা মণ্ডুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ১৭/১০/২০১৮ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১,১৯,৫১,৬০৮.৯৬ (এক কোটি উনিশ লক্ষ একাত্তর হাজার ছয়শত আট টাকা ছিয়ানবই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলনোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-ঢাকা, থানা-খিলগাঁও, সাব-রেজিস্ট্রি অফিস-খিলগাঁও, মৌজা-মেরাদিয়া, জে.এল. নং-সি.এস.-২৮৯, এস.এ.-১২১, আর.এস.-৪০, ঢাকা সিটি জরিপ-০৩, খতিয়ান নং-সি.এস.-৫২, এস.এ.-৭০, আর.এস.-৩৯৩, ঢাকা সিটি জরিপ খতিয়ান নং-২৪, দাগ নং-সি.এস. এবং এস.এ.-১০৮৮, আর.এস.-২০৭৫, ঢাকা সিটি জরিপ দাগ নং-৯৪১১, মিউটেশন খতিয়ান নং-৬৮৩৩, জোত নং-১২৩/৩৮, মোট জমির পরিমাণ ৫.৭২ শতাংশ এবং ইষ্টার্ন হাউজিং লিঃ এর দক্ষিণ বনশ্রী গোড়ান প্রজেক্টের লে আউট প্ল্যান অনুযায়ী প্লট নং-জি-৩, মেইন রোড, ব্লক-জি, দক্ষিণ বনশ্রী, খিলগাঁও, ঢাকা-১২১৯ যাহার চৌহান্দি: উত্তরে-ইষ্টার্ন হাউজিং লে আউট প্লট নং-জি-২, দক্ষিণে-ইষ্টার্ন হাউজিং লে আউট প্লট নং-জি-৪, পূর্বে-মেইন রোড (এভিনিউ-৭) এবং পশ্চিমে-ইষ্টার্ন হাউজিং লে আউট প্লট নং-জি-১২ ও ১৩।

নিলামের শর্তাবলী :-

- ১। আগামী ২৫/১১/২০১৮ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বনশ্রী শাখায় রাখিত বাস্তু সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত তাক্ষণ্যে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রাদাতাকে উদ্ভৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ভৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ভৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বনশ্রী শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্রাহ্ম) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াঙ্গ হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাদাতার জামানত বাজেয়াঙ্গ হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ্য করিতে পারিবেন।

- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুরুলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দায়ী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে মোগায়োগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বনশ্রী শাখা, ঢাকা।